

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ জামায়াত ও মাজহাব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সুফী পন্থি মুসলিম কি হক পন্থি? 'সুফী' কেন বলা হয়?

সুফীপস্থিরা হকপস্থি নয়। কারন তাদের আকিদাহ সহিহ নয়। তাদের আকিদা ও আমল, দুয়া ও দুরদ শিরক ও বিদআতে ভর্তি। তাদের অনেকের দাবি যে, মসজিদে নববিতে মহানবী (সঃ) এর খিদমতে যে সকল সাহাবা আসহাবে সুফফাহ নামে প্রসিদ্ধ ছিলেন, তাদের প্রতি সম্পর্ক জুড়েই 'সুফী' বলা হয়। কিন্তু এ কথা ঠিক নয় কারণ তা হলে তাদেরকে 'সুফী' না বলে 'সুফফি' বলা হত। কেউ বলেছে, সাফওয়াহ'র দিকে সমৃদ্ধ করে 'সুফী' বলা হয়। এ কথাও ঠিক নয়। কারণ তা হলে তাদেরকে 'সুফী' না বলে 'সাফাবি' বলা হত। তাছাড়া তাদের হৃদয় মন সাফ নয় বরং শিরক ও বিদআতে পরিপূরণ। সঠিক কথা এই যে, তারা যে লেবাস পরত, সাধারনতঃ তা 'সুফ' দ্বারা তৈরি হত। এক জন্য সেই দিকে সম্বন্ধ করে তাদেরকে 'সুফী' বলা হয়। ভাষাগত ভাবে এটাই সঠিক। (লাজনাহে দায়েমাহ)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2308

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন